

বাড়ির কাজ-৭ (পরীক্ষামূলক)  
(স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিতরণ করতে হবে)

শিক্ষার্থীর নাম:

বিদ্যালয়:

শ্রেণি: দ্বিতীয়

রোল নং:

### ১.৬ ক্রমবাচক সংখ্যা

যখন আমরা কোনো জিনিসের অবস্থান বলি, তখন আমরা ক্রমবাচক সংখ্যা ব্যবহার করি।

গণনাকারী সংখ্যা	এক	দুই	তিন	চার	পাঁচ
ক্রমবাচক সংখ্যা	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম
সংক্ষিপ্ত রূপ	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম

  

গণনাকারী সংখ্যা	ছয়	সাত	আট	নয়	দশ
ক্রমবাচক সংখ্যা	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
সংক্ষিপ্ত রূপ	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম



লাইনে দশজন শিশু দাঁড়িয়ে আছে।  
সামনে আছে নাছিমা এবং পিছনে আছে শান্তি।  
ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে এই শিশুদের  
অবস্থান বলি।

- সামনে থেকে কে ষষ্ঠ? \_\_\_\_\_
- পিছন থেকে কে সপ্তম? \_\_\_\_\_
- সামনে থেকে কে নবম? \_\_\_\_\_
- আলোর অবস্থান কত তম? \_\_\_\_\_

সামনে থেকে \_\_\_\_\_  
পিছন থেকে \_\_\_\_\_

প্রত্যেক শিশুর অবস্থান দুইভাবে  
প্রকাশ করতে পারি। আকাশের  
অবস্থান কত?

সামনে

পিছন



শান্তি



রতন



আলোয়া



করিম



রহিম



তামিম



আকাশ



সবিতা



আলি



নাছিমা

